গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-৪৩/২০১৯-২০২০
ঢাকা, ২৭ আগস্ট মঙ্গলবার ২০১৯, ১২ ভাদ্র ১৪২৬

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। বিমান দুর্ঘটনায় মারা গেলে ক্ষতিপূরণ দেড় কোটি টাকা
যাত্রা বিলম্বে ক্ষতিপূরণ পাবেন যাত্রীরা, মন্ত্রিসভায় আইনের খসড়া নীতিগতভাবে অনুমোদন
২। চামড়া ও চামড়াজাত পণ্য উন্নয়ন নীতিমালা মন্ত্রিসভা কমিটিতে অনুমোদন
৩। নিরাপদ খাদ্য নিশ্চিতে মানসম্মত গবেষণাগার হচ্ছে : কৃষিমন্ত্রী
৪। পরিচ্ছন্নতা অভিযানে সহায়তা না করলে আইনি ব্যবস্থা : ডেঙ্গু দমনে চিরুনি অভিযানে ডিএনসিসি মেয়র
৫। মুক্তিযোদ্ধাদের ডিজিটাল পরিচয়পত্র দেয়া হবে : শোক দিবসের আলোচনাসভায় মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী
৬। কাটাছেঁড়া ছাড়াই দেশে সরকারি হাসপাতালে হার্টের সফল অস্ত্রোপচার : প্রধানমন্ত্রীর অভিনন্দন
৭। কক্সবাজারে রোহিঙ্গা সমাবেশের বিষয়ে সরকার কিছু জানত না : পররাষ্ট্রমন্ত্রী
৮। সরকারের কূটনৈতিক তৎপরতায় মিয়ানমার রোহিঙ্গাদের ফিরিয়ে নেওয়ার কথা বলছে : সেতুমন্ত্রী
৯। রোহিঙ্গা প্রত্যাবাসনে বাংলাদেশের কূটনৈতিক তৎপরতা ও বিদেশি চাপ অব্যাহত রয়েছে : তথ্যমন্ত্রী
১০। রোহিঙ্গাদের নিজ দেশে ফেরাতে যুক্তরাজ্যের চাপ অব্যাহত :
যুক্তরাজ্যের জাতিসংঘ ও কমনওয়েলথ বিষয়ক প্রতিমন্ত্রী
১১। রোহিঙ্গাদের রক্ষায় ব্যর্থ বিশ্ব : ইইউ রোহিঙ্গা কাউন্সিল
১২। বঙ্গবন্ধুর আদর্শ প্রজন্ম থেকে প্রজন্মে পৌঁছে দিন : স্পিকার
১৩। বঙ্গবন্ধু আমাদের আজ ও আগামীর মধ্যে সেতুবন্ধ : অর্থমন্ত্রী
১৪। ঘাতকরা চেয়েছিল বাংলাদেশকেই হত্যা করতে : শোক দিবসের আলোচনায়সভায় শিক্ষামন্ত্রী
১৫। চলতি বছরের দ্বিতীয় ত্রৈমাসিকে মন্ত্রিসভার সিদ্ধান্ত বাস্তবায়নের হার ৮১ দশমিক ৯৪ শতাংশ
১৬। অধ্যাপক মোজাফ্‌ফর আহমদের মৃত্যুতে মন্ত্রিসভায় শোকপ্রস্তাব

চলমান পাতা-২

১। **বিমান দুর্ঘটনায় মারা গেলে ক্ষতিপূরণ দেড় কোটি টাকা**
যাত্রা বিলম্বে ক্ষতিপূরণ পাবেন যাত্রীরা, মন্ত্রিসভায় আইনের খসড়া নীতিগতভাবে অনুমোদন

বিমান দুর্ঘটনায় কেউ মারা গেলে তার পরিবারকে ১ কোটি ৪০ লাখ টাকা ক্ষতিপূরণ দিতে হবে। ক্ষতিপূরণ না দিলে বিমান কোম্পানিকে সর্বোচ্চ ১০ বছরের কারাদণ্ড বা ১০০ কোটি টাকা জরিমানা বা উভয় দণ্ড দেওয়া যাবে। এ বিধান রেখে 'আকাশপথে পরিবহণ (মন্ট্রিল কনভেনশন, ১৯৯৯) আইন, ২০১৯' এর খসড়া নীতিগত অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। একইসঙ্গে কোনো বিমান নির্ধারিত যাত্রা বিলম্বিত বা বাতিল করলেও যাত্রীরা ক্ষতিপূরণ পাবেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে গতকাল (২৬ আগস্ট সোমবার) প্রধানমন্ত্রীর কার্যালয়ে মন্ত্রিসভা বৈঠকে খসড়া আইনটি অনুমোদন দেওয়া হয়। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **সংবাদ** (পৃ.১,ক.৭), **নিউ এজ** (পৃ.১,ক.২), **অবজারভার** (পৃ.১,ক.৭)।

২। **চামড়া ও চামড়াজাত পণ্য উন্নয়ন নীতিমালা মন্ত্রিসভা কমিটিতে অনুমোদন**

চামড়া সরবরাহকারী ও রপ্তানিকারকদের প্রণোদনার সুযোগ রেখে 'চামড়া ও চামড়াজাত পণ্য উন্নয়ন নীতিমালা-২০১৯' অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। এ নীতিমালা অনুযায়ী চামড়া শিল্পের উন্নয়নের জন্য প্রাথমিকভাবে গবেষণা, প্রশিক্ষণ, যন্ত্রপাতি, পরিবেশ রক্ষা, অধিকতর পরিচ্ছন্ন উৎপাদন এবং অবকাঠামো বিষয়ক প্রকল্প গ্রহণ করা হবে। রপ্তানি বৃদ্ধিতে সরকারি-বেসরকারি অংশীদারিত্বের মাধ্যমে বিনিয়োগ বৃদ্ধির প্রক্রিয়া উন্নত করা হবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে গতকাল (২৬ আগস্ট সোমবার) তাঁর কার্যালয়ে অনুষ্ঠিত মন্ত্রিসভা বৈঠকে এ নীতিমালা অনুমোদন দেয়া হয়। সূত্র : **সংবাদ** (শেষ পৃ,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.৪)।

৩। **নিরাপদ খাদ্য নিশ্চিতে মানসম্মত গবেষণাগার হচ্ছে : কৃষিমন্ত্রী**

টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) অর্জনে সরকারের সামনে এখন বড় চ্যালেঞ্জ নিরাপদ ও পুষ্টিকর খাদ্য নিশ্চিত করা। এজন্য ঢাকায় মানসম্মত গবেষণাগার তৈরি করা হচ্ছে বলে জানিয়েছেন কৃষিমন্ত্রী ড. আব্দুর রাজ্জাক। গতকাল (২৬ আগস্ট সোমবার) রাজধানীর খামারবাড়িতে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল মিলনায়তনে 'দক্ষিণ এশিয়ায় খাদ্য নিরাপত্তা নিশ্চিত' শীর্ষক কর্মশালায় তিনি এ কথা বলেন। কৃষিমন্ত্রী বলেন, মানুষের মৌলিক চাহিদার অন্যতম হলো খাদ্য। বর্তমান কৃষিবান্ধব সরকার দেশের জনগণের এ মৌলিক চাহিদা পূরণে সক্ষমতার পরিচয় দিয়েছে। সূত্র : **সমকাল** (পৃ.৫,ক.৮)।

৪। **পরিচ্ছন্নতা অভিযানে সহায়তা না করলে আইনি ব্যবস্থা : ডেঙ্গু দমনে চিরুনি অভিযানে ডিএনসিসি মেয়র**

নিজ বাসস্থান ও কর্মস্থল পরিষ্কার না রাখলে জরিমানার পাশাপাশি আইনগত ব্যবস্থা নেওয়ার হুঁশিয়ারি উচ্চারণ করেছেন ঢাকা উত্তর সিটি করপোরেশনের মেয়র আতিকুল ইসলাম। তিনি বলেছেন, পরিষ্কার-পরিচ্ছন্নতা কর্মসূচিতে সহযোগিতা না করলে ফৌজদারি ব্যবস্থা নেওয়া ছাড়া বিকল্প থাকবে না। গতকাল (২৬ আগস্ট সোমবার) মোহাম্মদপুর এলাকায় ডেঙ্গু দমনের চিরুনি অভিযান পরিচালনার সময় সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। মেয়র বলেন, আমরা বলেছি, সরকারি কাজে বাধা দিলে আমরা পেনাল কোডে যাব, আইন অনুযায়ী যেতে বাধ্য হব। পরিস্কার করার দায়িত্ব শুধু সরকারের নয়, জনগণেরও আছে। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৫), **সমকাল** (পৃ.৫,ক.১), **ডেইলি সান** (পৃ.৩,ক.২)।

৫। **মুক্তিযোদ্ধাদের ডিজিটাল পরিচয়পত্র দেয়া হবে : শোক দিবসের আলোচনাসভায় মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী**

মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক বলেছেন, আগামী বিজয় দিবসের আগেই বীর মুক্তিযোদ্ধাদের স্থায়ী ডিজিটাল পরিচয়পত্র দেয়া হবে। মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী গতকাল (২৬ আগস্ট সোমবার) ঢাকার রূপনগর দুয়ারিপাড়ায় ঢাকা জেলা মুক্তিযোদ্ধা কল্যাণ সমিতি আয়োজিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদতবার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে আলোচনাসভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী বলেন, একজন বীর মুক্তিযোদ্ধা কোন কোন সুবিধা পাবেন তা এ পরিচয়পত্রে উল্লেখ থাকবে। এছাড়া মুজিববর্ষে ২২ হাজার মুক্তিযোদ্ধাকে বাড়ি করে দেয়া হবে। মুক্তিযোদ্ধাদের বিনামূল্যে চিকিৎসার সব ব্যবস্থা করা হচ্ছে। কিন্তু অনেক মুক্তিযোদ্ধা না জানার কারণে এ সুবিধা গ্রহণ করতে পারছেন না। সূত্র : **বণিক বার্তা** (পৃ.২,ক.১), **এশিয়ান এজ** (শেষ পৃ,ক.৭), **নিউ এজ** (পৃ.৩,ক.৫)।

৬। **কাটাছেঁড়া ছাড়াই দেশে সরকারি হাসপাতালে হার্টের সফল অস্ত্রোপচার : প্রধানমন্ত্রীর অভিনন্দন**

কাটাছেঁড়া ছাড়াই হার্টের সফল অস্ত্রোপচার হলো জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতালে। পৃথিবীর অনেক দেশেই এমআইসিএস (ম্যানুয়ালি ইনভাসিভ কার্ডিয়াক সার্জারি) করা হয়। গত ২৫ আগস্ট রোববার দেশে প্রথমবারের মতো সরকারি হাসপাতালে এমআইসিএস সফলভাবে সম্পন্ন হয়েছে। হার্টের এ সফল অস্ত্রোপাচার প্রধানমন্ত্রী শেখ হাসিনা অপারেশনে অংশ নেয়া পুরো টিমকে অভিনন্দন জানিয়েছেন। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.২)।

৭। **কক্সবাজারে রোহিঙ্গা সমাবেশের বিষয়ে সরকার কিছু জানত না : পররাষ্ট্রমন্ত্রী**

পররাষ্ট্রমন্ত্রী এ কে আব্দুল মোমেন বলেছেন, কক্সবাজারের রোহিঙ্গা ক্যাম্পে গত ২৫ আগস্ট রোববার অনুষ্ঠিত বিশাল রোহিঙ্গা সমাবেশের বিষয়ে সরকার আগে থেকে কিছু জানত না। প্রকৃতপক্ষে আমরা টেলিভিশন দেখে এ তথ্য পেয়েছি। গতকাল (২৬ আগস্ট সোমবার) জাতীয় জাদুঘরে জাতীয় শোক দিবস উপলক্ষ্যে আয়োজিত এক অনুষ্ঠানে তিনি একথা বলেন। সূত্র : **সংবাদ** (পৃ.১,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **নিউজ টুডে** (**শেষ** পৃ,ক.৫), **নিউ এজ** (পৃ.৪,ক.২)।

৮। **সরকারের কূটনৈতিক তৎপরতায় মিয়ানমার রোহিঙ্গাদের ফিরিয়ে নেওয়ার কথা বলছে : সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, রোহিঙ্গা ইস্যুতে মিয়ানমার সরকার শুরু থেকেই নানা উস্কানি দিয়ে আসছে। সে উস্কানির সুরেই বিএনপি এখন বক্তব্য দিচ্ছে। অথচ সরকারের কূটনৈতিক তৎপরতার কারণেই মিয়ানমার এখন রোহিঙ্গাদের ফিরিয়ে নেওয়ার কথা বলছে। গতকাল (২৬ আগস্ট সোমবার) রাজধানীর খামারবাড়ীতে কৃষিবিদ ইনস্টিটিউশনে বঙ্গবন্ধু কৃষিবিদ পরিষদের শোক দিবসের আলোচনায় তিনি এসব কথা বলেন। সূত্র : **সমকাল** (পৃ.১৯,ক.৮), **ইত্তেফাক** (শেষ পৃ,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.৭), **নিউ এজ** (পৃ.৪,ক.৮)।

৯। **রোহিঙ্গা প্রত্যাবাসনে বাংলাদেশের কূটনৈতিক তৎপরতা ও বিদেশি চাপ অব্যাহত রয়েছে : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ বলেছেন, রোহিঙ্গাদের আশ্রয়দানে বাংলাদেশের মানবিক ভূমিকা বিশ্বব্যাপী প্রশংসিত। মানবিক কারণে যাদের আশ্রয় দেয়া হয়েছে, তাদের জোর করে সরিয়ে দেয়া যায় না। তিনি বলেন, রোহিঙ্গা প্রত্যাবাসনের বিষয়ে বাংলাদেশের কূটনৈতিক তৎপরতা ও বিদেশি চাপ অব্যাহত রয়েছে। তথ্যমন্ত্রী আরো বলেন, বর্তমান সরকার চলচ্চিত্র শিল্পকে নতুন জীবনদানের লক্ষ্যে গাজীপুরে বঙ্গবন্ধু ফিল্ম সিটি নির্মাণ, এফডিসিতে নতুন বহুতল ভবন নির্মাণ, জেলা তথ্য কমপ্লেক্সগুলোতে একশ' আসনের পরিবর্তে তিনশ' আসনের হল নির্মাণ, প্রেক্ষাগৃহ সংস্কার ও পুনরায় চালু করতে সহজ শর্তে ঋণদানসহ বিভিন্ন প্রকল্প হাতে নিয়েছে। সমাজের বিত্তবানদেরও উচিত এখাতে বিনিয়োগ করা। গতকাল (২৬ আগস্ট সোমবার) সচিবালয়ে তথ্য মন্ত্রণালয়ের সভাকক্ষে বাংলাদেশ চলচ্চিত্র সাংবাদিক সমিতির (বাচসাস) নবনির্বাচিত কমিটির সঙ্গে মতবিনিময় শেষে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি এসব কথা বলেন। সূত্র : **যুগান্তর** (পৃ.৩,ক.৮), **সমকাল** (পৃ.২,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.২,ক.৬), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.২)।

১০। **রোহিঙ্গাদের নিজ দেশে ফেরাতে যুক্তরাজ্যের চাপ অব্যাহত :**
যুক্তরাজ্যের জাতিসংঘ ও কমনওয়েলথ বিষয়ক প্রতিমন্ত্রী

দু'বছর পরও মিয়ানমারের রাখাইন রাজ্যের পরিস্থিতি ভয়াবহ উল্লেখ করে যুক্তরাজ্যের জাতিসংঘ ও কমনওয়েলথ বিষয়ক প্রতিমন্ত্রী লর্ড তারিক আহমেদ বলেছেন, রোহিঙ্গাদের নিজ দেশে ফেরাতে মিয়ানমারের ওপর যুক্তরাজ্যের চাপ অব্যাহত রয়েছে। গতকাল (২৬ আগস্ট সোমবার) এক টুইটার বার্তায় তিনি একথা বলেন। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.২,ক.৮)।

১১। **রোহিঙ্গাদের রক্ষায় ব্যর্থ বিশ্ব : ইইউ রোহিঙ্গা কাউন্সিল**

মিয়ানমারে গণহত্যা থেকে বেঁচে যাওয়া রোহিঙ্গাদের রক্ষায় বিশ্ব ব্যর্থ বলে অভিযোগ করেছে ইইউ রোহিঙ্গা কাউন্সিল। রোহিঙ্গাদের নিয়ে কাজ করা এ ডাচ্‌ ভিত্তিক গ্রুপ টুইট বার্তায় জানায়, বিশ্ব বলছে যে রোহিঙ্গাদের অধিকার কেড়ে নেয়া হয়েছে কিন্তু এখনও তারা নিজেদের অধিকার ফিরে পায়নি। ইইউ রোহিঙ্গা কাউন্সিল আরও জানায়, রোহিঙ্গারা গণহত্যার দায়ে মিয়ানমারকে বিচারের আওতায় আনতে জাতিসংঘ, ইইউ, যুক্তরাষ্ট্র, ওআইসি, আসিয়ানের সহায়তা কামনা করছে। সূত্র : **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৮)।

১২। **বঙ্গবন্ধুর আদর্শ প্রজন্ম থেকে প্রজন্মে পৌঁছে দিন : স্পিকার**

স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, জনগণের রাজনৈতিক ও অর্থনৈতিক মুক্তি অর্জনই ছিল বঙ্গবন্ধুর সংগ্রামী জীবনের একমাত্র দর্শন। এ সময় তিনি প্রজন্ম থেকে প্রজন্মে বঙ্গবন্ধুর আদর্শ, দেশপ্রেম ও সাহসিকতার নজির পৌঁছে দেওয়ার জন্য সবার প্রতি আহ্বান জানান। গতকাল (২৬ আগস্ট সোমবার) সংসদ ভবনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদাতবার্ষিকী ও জাতীয় শোক দিবস-২০১৯ উপলক্ষে আলোচনাসভা ও দোয়া মাহফিলের তিনি এ আহ্বান জানান। স্পিকার বলেন, বঙ্গবন্ধু বাঙালির বৈষম্য ও বঞ্চনার ইতিহাস গভীরভাবে অনুভব করতে পেরে আজীবন তাদের মুক্তির জন্য লড়াই-সংগ্রাম করে গেছেন। তিনি স্বাধীনতার স্বপ্ন দেখেছিলেন এবং সে স্বপ্ন বাস্তবায়নের মাধ্যমে বাংলাদেশ নামের রাষ্ট্র উপহার দিয়ে গেছেন। সূত্র : **সমকাল** (পৃ.৩,ক.৮), **সংবাদ** (শেষ পৃ,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.১)।

১৩। **বঙ্গবন্ধু আমাদের আজ ও আগামীর মধ্যে সেতুবন্ধ : অর্থমন্ত্রী**

সোনার বাংলাদেশ গড়তে জাতির পিতা হারানোর শোককে শক্তিতে পরিণত করার আহ্বান জানিয়েছেন অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল। তিনি বলেন, একটি অসাম্প্রদায়িক, ক্ষুধা-দারিদ্র্যমুক্ত ও সমৃদ্ধ সোনার বাংলাদেশ গড়ার স্বপ্ন ছিল বঙ্গবন্ধুর। জাতির পিতার সে স্বপ্ন পূরণে এখন সবাইকে কাজ করতে হবে। বঙ্গবন্ধু আমাদের আজ ও আগামীর মধ্যে সেতুবন্ধ। তিনি তাঁর জীবনে অল্প সময়ে আমাদের আগামীর সকল নির্দেশ দিয়ে গেছেন। অতি অল্প দিনে আমাদের দিয়েছেন একটি সংবিধান যেখানে সবকিছু রয়েছে। গতকাল (২৬ আগস্ট সোমবার) অর্থবিভাগ এবং আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্মকর্তা-কর্মচারী কল্যাণ সমিতি আয়োজিত জাতীয় শোক দিবসের আলোচনাসভায় প্রধান অতিথির বক্তব্যে অর্থমন্ত্রী এসব কথা বলেন। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **ইত্তেফাক** (শেষ পৃ,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ.,ক.৪), **এশিয়ান** (পৃ.১,ক.৩)।

১৪। ঘাতকরা চেয়েছিল বাংলাদেশকেই হত্যা করতে : শোক দিবসের আলোচনায়সভায় শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেছেন, ১৫ আগস্টের হত্যাকাণ্ড শুধু একজন রাষ্ট্রপ্রধানকে হত্যা বা কোনো রাজনৈতিক হত্যাকাণ্ড ছিল না, এটা ছিল সংগ্রাম ও ত্যাগের বিনিময়ে অর্জিত বাংলাদেশ নামক রাষ্ট্রকেই হত্যা করার ষড়যন্ত্র। গতকাল (২৬ আগস্ট সোমবার) রাজধানীর সেগুনবাগিচায় আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদাতবার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ আয়োজিত আলোচনাসভা এবং দোয়া মাহফিলে প্রধান অতিথির বক্তৃতায় শিক্ষামন্ত্রী এসব কথা বলেন। সূত্র : **সমকাল** (পৃ.২,ক.৫), **সংবাদ** (**শেষ** পৃ,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.৭)।

১৫। চলতি বছরের দ্বিতীয় ত্রৈমাসিকে মন্ত্রিসভার সিদ্ধান্ত বাস্তবায়নের হার ৮১ দশমিক ৯৪ শতাংশ

চলতি বছরের দ্বিতীয় ত্রৈমাসিকে (এপ্রিল থেকে জুন) মন্ত্রিসভায় নেয়া সিদ্ধান্ত বাস্তবায়নের হার ৮১ দশমিক ৯৪ শতাংশ। মন্ত্রিসভা বৈঠকে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়ে ২০১৯ সালের দ্বিতীয় ত্রৈমাসিক (এপ্রিল থেকে জুন) প্রতিবেদনে এ তথ্য উঠে আসে। গতকাল (২৬ আগস্ট সোমবার) প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে তাঁর কার্যালয়ে অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকে এ প্রতিবেদন উপস্থাপন করা হয়। সূত্র : **সংবাদ** (শেষ পৃ,ক.১)।

১৬। অধ্যাপক মোজাফ্ফর আহমদের মৃত্যুতে মন্ত্রিসভায় শোকপ্রস্তাব

অধ্যাপক মোজাফ্ফর আহমদের মৃত্যুতে শোকপ্রস্তাব উত্থাপন করা হয়েছে প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকে। গতকাল (২৬ আগস্ট সোমবার) প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে বৈঠকের শুরুতেই এ শোকপ্রস্তাব উপস্থাপন করা হয়। সূত্র : **সংবাদ** (পৃ.১,ক.৮)।

সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** রাজধানীর মোহাম্মদপুরের রায়েরবাজার এলাকার 'স্টার বন্ড' নামের কিশোর গ্যাংয়ের ১৭ সদস্যকে গ্রেফতারের পর এক বছর করে কারাদণ্ড দিয়েছে র‍্যাবের ভ্রাম্যমাণ আদালত উল্লেখ করে কিশোর গ্যাং কালচার বৃদ্ধি রোধে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

খ. **সংবাদ :** দেশের বিভিন্ন জেলার নদ-নদীর দখলকারীদের একটি তালিকা প্রকাশ করেছে নদী রক্ষা কমিশন উল্লেখ করে সংশ্লিষ্ট সব কর্তৃপক্ষকে এক হয়ে নদ-নদী রক্ষায় কাজ করার ওপর গুরুত্বারোপ।

গ. **সমকাল :** মূলধন ঘাটতি পূরণে রাষ্ট্রায়ত্ত ব্যাংকগুলোকে আর অর্থ দেবেনা সরকার, অর্থমন্ত্রীর এ বক্তব্যকে স্বাগত জানিয়ে এ ব্যাংকগুলো নিজের পায়ে দাঁড়াবে বলে প্রত্যাশা ব্যক্ত।

ঘ. **যুগান্তর :** সাভারে চামড়া শিল্পনগরীতে ভয়ংকর বর্জ্য বিপর্যয় দেখা দেওয়ায় দূষণের কবলে পড়েছে ধলেশ্বরী নদী উল্লেখ করে ট্যানারি বা অন্য যেকোনো কারখানার অপরিশোধিত বর্জ্য যাতে কারখানার বাইরে ফেলা না হয় এ বিষয়ে কর্তৃপক্ষকে কঠোর হওয়ার সুপারিশ।

ঙ. **ভোরের কাগজ :** টেকনাফ-কক্সবাজার উপকূলবর্তী বাংলাদেশে দীর্ঘদিন থেকে আশ্রিত রোহিঙ্গারা নানা অপকর্মে জড়িত বলে প্রমাণ মিলেছে এ তথ্যের কথা উল্লেখ করে এদের নিয়ন্ত্রণে সার্বিক নিরাপত্তা ব্যবস্থা গড়ে তোলার সুপারিশ।

চ. **ইন্ডিপেনডেন্ট :** দেশের হস্তশিল্পজাত পণ্য বিদেশে রপ্তানির জন্য যথাযথ পদক্ষেপ কামনা।

ছ. **ঢাকা-ট্রিবির্ডন :** কিছু সরকারি অফিসেও এডিস মশার ডিম পাওয়া গেছে উল্লেখ করে ডেঙ্গু প্রতিরোধে কঠোর পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

উপসম্পাদকীয়

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, কর্মসংস্থান, মানব উন্নয়ন, নিরাপত্তা, অভিঘাতসহনশীলতাসহ বিভিন্ন ক্ষেত্রে নারী-পুরুষ বৈষম্য কমিয়ে আনতে একটি সুগঠিত সামাজিক নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করতে সরকার বদ্ধপরিকর।

#

ডালিয়া/সাঈদা/রশীদ/২০১৯/৯.০০ঘন্টা